

## ই-গভর্নমেন্ট ইআরপি প্রকল্প : ইনভেন্টরি মডিউলের উদ্বোধন

পরিকল্পনা বিভাগের এনইসি অডিটরিয়ামে বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি প্রকল্পের অধীনে প্রস্তুতকৃত ইনভেন্টরি মডিউলের আনুষ্ঠানিক কার্যক্রম উদ্বোধন করা হয় গত ১১ মার্চ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব এনএম জিয়াউল আলম। পরিকল্পনা বিভাগের সচিব মো. নুরুল আমিনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও



উপস্থিত ছিলেন— বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক পার্থ প্রতিম দেব, ই-গভর্নমেন্ট ইআরপি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. অশোক কুমার রায়সহ অন্যরা।

অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান নিজে আইটেম রিকুইজিশন প্রদান করে মডিউলটি উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠা করার লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি। যার ফলে আজ আমরা

বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি প্রকল্পের অধীনে প্রস্তুতকৃত ইনভেন্টরি মডিউলের আনুষ্ঠানিক উদ্বোধন করছি। এ মডিউলটি ব্যবহার করলে আর ম্যানুয়াল স্টক রেজিস্টার মেইন্টেন করা দরকার হবে না। কোন পণ্য কী পরিমাণ, কোন স্টোরে আছে, কোন পণ্য কেনার প্রয়োজন আছে— তা এ সফটওয়্যারের মাধ্যমে জানা যাবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল 'ই-গভর্নমেন্ট ইআরপি' শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করেছে।

—আইটি ডেস্ক